দৈনিক সংবাদ
দৈনিক সংবাদ
022
17 JUN 1987
তারিখ ... পৃষ্ঠা 1 কলাম 3
২ রা আষাঢ় ১৩৯৪

উচ্চ মাধ্যমিক পরীক্ষা

# একদিনে ঢাকা ও যশোর বোর্ডের ৪ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কার

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা ও যশোর বোর্ড থেকে পরীক্ষায় অসাধুতা অবলম্বনের অভিযোগে এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত ১১টা) ৪শ' ৬২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ড থেকে ৩শ' ৩ জন এবং যশোর বোর্ড থেকে ১শ' ৫৯ জন। গতকাল ছিল ইংরেজী প্রথম পর্বের পরীক্ষা।

যশোর থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক জানান, যশোর বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৪টি কেন্দ্রে ১৫৯ জন পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে। যশোর এম এম কলেজ কেন্দ্রে নকল না করতে পারায় ১০৭ জন পরীক্ষার্থী সাদা খাতা জমা দিয়ে চলে যায়।

এম এম কলেজ কেন্দ্রে ৬জন, যশোর সিটি কলেজ কেন্দ্রে ৪ জন, খুলনা বি এল কলেজ কেন্দ্রে ৪ জন, আজম খান কমার্স কলেজে ২ জন, খুলনা সিটি কলেজ কেন্দ্রে ১১ জন, যশোর ক্যান্টনমেন্ট শাহীন কলেজ কেন্দ্রে ৪জন, খুলনা শহীদ সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্রে ১জন, বরিশাল বিএম কলেজ কেন্দ্রে ৫জন, যশোর নোয়াপাড়া কলেজ কেন্দ্রে ৭জন, নাভারণ কলেজ কেন্দ্রে ১জন,

(শেষ পৃ: ২-এর ক: দ্রঃ)

**উচ্চ মাধ্যমিক পরীক্ষা**

(১ম পাতার পর)

কেশবপুর কলেজ কেন্দ্রে ১৭জন, ঝিনাইদহ.কে, সি কলেজ কেন্দ্রে ১৯জন, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ কেন্দ্রে ১২ জন ও গৌরনদী কলেজ কেন্দ্রে ৬৬ জনকে বহিষ্কার করা হয়।

ফটোষ্ট্যাটের দোকান সীল

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল মঙ্গলবার সকালে ইংরেজী প্রথম পত্রের প্রশ্নপত্র ফটোষ্ট্যাট করার অভিযোগে নারায়ণগঞ্জের জেলা প্রশাসক শহরে শায়েস্তাখান রোডে অবস্থিত আজমেরী ফটোষ্ট্যাট এবং শাপলা ফটোষ্ট্যাট নামের দু'টি দোকান 'সীল' করে দিয়েছে।

জেলা প্রশাসক গোপন সূত্রে খবর পেয়ে প্রশ্নপত্র ফটোষ্ট্যাট করার সময় ওই দু'টি দোকানে উপস্থিত হলে কর্মচারীরা পালিয়ে যায়। পরে জেলা প্রশাসক দোকান দু'টি সীল করে দেন।

নকল করার অভিযোগে গতকাল মঙ্গলবার সোনারগাঁ ডিগ্রী কলেজে ১২ জন, মুড়াপাড়া কলেজে ৩ জন এবং নারায়ণগঞ্জ কলেজ থেকে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।


পরীক্ষা শেষে সোনারগাঁ ডিগ্রী কলেজের পরীক্ষার্থীরা নকল করার দাবীতে মিছিল করে। এর আগে সোনারগাঁ ডিগ্রী কলেজ থেকে আরো ১৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশকের ফোন: উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইংরেজী প্রথম পত্রের পরীক্ষায় মানিকগঞ্জের চারটি পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১৮ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে মহাদেবপুর কলেজ কেন্দ্র থেকে ৮ জন, ঘিওর সরকারী কলেজ থেকে ৭, সরকারী দেবেন্দ্র কলেজ থেকে ১ জন ও নরগ্রাম থেকে ২ জনকে বহিষ্কার করা হয়।

নরসিংদী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষায় নকল করার অভিযোগে গতকাল মঙ্গলবার ইংরেজী পরীক্ষা চলাকালে নরসিংদী সরকারী কলেজ কেন্দ্র থেকে ৪১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এছাড়া ঢাকা মহানগরীর ৬টি কলেজ কেন্দ্র থেকে ৩০জন, ময়মনসিংহ জেলার ৬টি কেন্দ্র থেকে ৬৬জন, জামালপুর জেলার ৩টি কলেজ কেন্দ্র থেকে ৯জন, টাঙ্গাইল জেলার ২টি কেন্দ্র থেকে ১৪জন, ফরিদপুর জেলার ৩টি কেন্দ্র থেকে ৫জন, রাজবাড়ীর ১টি কেন্দ্র থেকে ১৬জন, গোপালগঞ্জ জেলার ৭টি কেন্দ্র থেকে ২৬জন, শরিয়তপুরের ১টি কেন্দ্র থেকে ২জন, মাদারীপুর জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ৩৮ জন, ধামরাই কেন্দ্র থেকে ৩জন ও মুন্সিগঞ্জের ৩টি কেন্দ্র থেকে ৩৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

মুন্সিগঞ্জে পরীক্ষা শেষ হবার পর একদল উশৃঙ্খল ছাত্র একটি মাইক্রোবাসের (ঢাকা-চ ৪১৭৬) কাচ ভাঙচুর করে। ঢাকা বোর্ড থেকে একটি পর্যবেক্ষক দল এই মাইক্রোবাসটি নিয়ে মুন্সিগঞ্জ গিয়েছিলেন। এছাড়া পরীক্ষা কেন্দ্রের আশপাশে জারি করা ১৪৪ ধারা ভংগের অভিযোগে ১২ জনকে আটক করা হয়। একটি ভ্রাম্যমাণ আদালত আটককৃতদের নিকট থেকে ৭শ' টাকা জরিমানা আদায় করে পরে ছেড়ে দেন।



## মাইকে নকলবিরোধী প্রচারণা

নীলফামারী, ১৫ই জুন (জেলা বার্তা পরিবেশক)।—চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নীলফা-

(শেষ পৃ: ১-এর ক: দ্রঃ)।

**নকলবিরোধী প্রচারণা**

(১ম পাতার পর)

মারী জেলার কেন্দ্রগুলোতে অসদুপায় অবলম্বনসহ অন্যান্য অনিয়ম বন্ধের জন্য এক ব্যাপক প্রচেষ্টা নেয়া হয়েছে। পরীক্ষা পরিচালনার জন্য প্রশাসনসহ সর্বস্তরের লোকদের নিয়ে কেন্দ্রগুলোতে একটি করে 'মটিভেশন' কমিটিও গঠন করা হয়েছে।

নীলফামারী জেলায় মোট ৬টি পরীক্ষা কেন্দ্র রয়েছে। এসব কেন্দ্রে মোট ২ হাজার ৮শ'৯৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। প্রথম দু'দিনের পরীক্ষার অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৯৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। দ্বিতীয় দিনের পরীক্ষায় এই বহিষ্কারকে কেন্দ্র করে সৈয়দপুর টেকনিক্যাল কলেজ কেন্দ্রে প্রশাসনের সঙ্গে পরীক্ষার্থী ও বহিরাগতদের এক সংঘর্ষ ঘটে। ফলে কলেজের দরজা জানালাসহ চেয়ার বেঞ্চ ভাঙচুর হয়।

অন্যান্য বছরের মত এবার বহিরাগতরা কেন্দ্রের ভিতরে ঢুকতে পারছে না। এ জন্য অবশ্য ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। ২/১টি কেন্দ্রে মাইক টাংগানো হয়েছে এবং সেখান থেকে ৪/৫ মিনিট পর পরই ঘোষণা করা হচ্ছে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন আইন কানুনের কথা। ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে জলঢাকা কলেজ কেন্দ্র থেকে ২জনকে গ্রেফতারও করা হয়েছে।